

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৮, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি শাখা]

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ০৫ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ/২০ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP) কর্তৃক স্কুল ফিডিং  
প্রোগ্রামের আওতায় বিস্কুট ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) মওকুফ প্রদান।

নং ১৯/মূসক/২০২১।—যেহেতু, বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP)  
স্থানীয় উৎপাদকের নিকট হতে বিস্কুট ক্রয়পূর্বক দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক স্কুলের  
শিক্ষার্থীদের মাঝে এবং বিভিন্ন কার্যক্রমে বিনামূল্যে বিতরণ করবে, এবং

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচী এর মধ্যে সম্পাদিত চুক্তিতে  
বিধি ও পদ্ধতি অনুসরণে দেশের অভ্যন্তরে স্থানীয়ভাবে ক্রয়কৃত খাদ্য সামগ্রীর উপর আরোপণীয়  
স্থানীয় করাদি সরকার মওকুফ করবে মর্মে শর্ত রয়েছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২, এর  
ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, WFP এর ২৩ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ  
তারিখের পত্র নং-VAT/03/2021, ০১ জুন, ২০২১ খ্রি: তারিখের পত্র নং VAT/04/2021, ২৩  
জুন, ২০২১ খ্রি: তারিখের পত্র নং VAT/05/2021 এবং ০২ সেপ্টেম্বর, ২০২১ খ্রি: তারিখের পত্র নং  
VAT/06/2021 অনুসারে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে WFP এর সম্পাদিত চুক্তির

(১৪৩০৩)

মূল্য : টাকা ৪.০০

আওতায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের নামের বিপরীতে প্রতিক্ষেত্রে বর্ণিত পরিমাণ বিস্কুট সরবরাহের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে আরোপনীয় মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতি প্রদান করা হলো, যথা :—

সূত্র	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠান/ফ্যাক্টরীর ঠিকানা	সরবরাহতব্য বিস্কুটের পরিমাণ (মেঃ টন)
4500077318	Janata Biscuit Company	Ahasanullah Soroni, Boyra, Khulna	418.443
4500077322	PRAN Dairy Ltd.	PRAN Insustrial park, Bagpara, Palash, Narshingdi.	171.500
4500077329	Masafi Bread & Biscuit Industries Ltd.	Gorai, Mirzapur, Tangail	190.500
4500078340	Janata Biscuit Company	Ahasanullah Soroni, Boyra, Khulna	580.00
4500078341	Dimond-food and Beverage Ltd	Gorai, Mirzapur, Tangail	350.00
4500078342	Resco Biscuits & Bread Factory (Pvt.) Ltd.	BSCIC Industrial Estate, jessore	350.00
4500078343	PRAN Dairy Ltd.	PRAN Insustrial park, Bagpara, Palash, Narshingdi.	75.00
4500078793	New olympia Biscuit Factory (Pvt.) Ltd	Saver. Dandabor-Polashbari, Dhaka	539.424
4500078798	Masafi Bread & Biscuit Industries	Gorai, Mirzapur, Tangail	300.00
4500078796	Resco Biscuits & Bread Factory (Pvt.) Ltd.	BSCIC Industrial Estate, jessore	150.00
BARBGD21 HEB01	Mona Food Industries	BSCIC Industrial Estate, jessore	891.432
4500079227	Diamond-food and Beverage Ltd	Gorai, Mirzapur, Tangail	30.00
Total Quantity			4046.299 (চারহাজার ছেচল্লিশ দশমিক দুইশত নিরানব্বই)

০২। উল্লেখ্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান তৎকর্তৃক সরবরাহকৃত বিস্কুট উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে না। এ অব্যাহতি সুবিধা গ্রহণকালে বিস্কুট

উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন

প্রথম সচিব (মুসক নীতি)।